দৈনিক ইনকিলাব

তারিখ ... 03 JUL 1989
পৃষ্ঠা ... 4 ... কলাম ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো ডকুমেন্টেশন কেন্দ্র

প্রেসিডেন্টের সভাপতিত্বে ভাইস চ্যান্সেলরদের বৈঠক

# হাসপাতাল প্রশাসন থেকে চিকিৎসা শিক্ষাকে পৃথক করার সিদ্ধান্ত

বিশ্ব বিদ্যালয়ের চ্যান্সেলর প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরাদের সভাপতিত্বে গতকাল ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের কমিটি কক্ষে বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলরদের এক বৈঠক অনুষ্ঠিত হয়। খবর বাসস'র। বৈঠকে বিশ্ববিদ্যালয়সমূহের আর্থিক ও হিসাব বৈষম্য দূর করার সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে আরো সিদ্ধান্ত হয় যে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সকল বিশ্ববিদ্যালয়ের জন্য সুষম হিসাব

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## চিকিৎসা শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

ম্যানুয়াল প্রণয়ন করবে।

বৈঠকে আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, দেশে কোন মেডিকেল বিশ্ববিদ্যালয় হবে না এবং আধুনিক ধারার সংগতি রেখে হাসপাতাল প্রশাসন থেকে চিকিৎসা শিক্ষাকে পৃথক করা হবে।

চিকিৎসা শিক্ষাকে শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় আনা হবে। অপরদিকে হাসপাতাল প্রশাসনের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় দায়ী থাকবে।

বৈঠকে এই মত প্রকাশ করা হয় যে, চিকিৎসা শিক্ষাসহ সকল বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রম ও পাঠ্যসূচী বা সিলেবাস বর্তমান সময়ের চাহিদা মোতাবেক আধুনিকীকরণ ও যুগোপযোগী করা প্রয়োজন।

বৈঠকে জানানো হয় যে, বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশন (ইউজিসি) ইতিমধ্যে এ ব্যাপারে উদ্যোগ গ্রহণ করেছে।

বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসন ও সামগ্রিক শিক্ষা পরিবেশ উন্নয়নের লক্ষ্যে বৈঠকে ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ আলোচনা করা হয়। আর্থিক ব্যবস্থাপনা মনিটরিং-এর লক্ষ্যে বিশ্ববিদ্যালয়সমূহে সার্বক্ষণিক ট্রেজারার নিয়োগের বিষয়ও বৈঠকে আলোচনা করা হয়।

বৈঠকে ভাইস চ্যান্সেলরদের পূর্ববর্তী বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও পর্যালোচনা করা হয়।

বৈঠকে এর আগে উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট এরশাদ উচ্চ শিক্ষাঙ্গনে শিক্ষার প্রকৃত অনুকূল পরিবেশ সৃষ্টির প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি শিক্ষার উচ্চমান হাসিলের লক্ষ্যে প্রচেষ্টা চালানোর উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, শিক্ষাঙ্গনের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অবস্থা উন্নয়নে সংশ্লিষ্ট সকলকে কঠোর প্রচেষ্টা চালাতে হবে।

বৈঠকে উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ, শিক্ষা মন্ত্রী শেখ শহীদুল ইসলাম, জাতীয় অধ্যাপক ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর সৈয়দ আলী আহসান, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ এইচ সাদিক, শিক্ষা সচিব হেদায়েত আহমদ, অধিভুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রকল্প উপদেষ্টা প্রফেসর এম এ বারী এবং ইউজিসি'র সদস্য প্রফেসর শামসুল হক উপস্থিত ছিলেন।